গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.০৫.০০৫.১৮.১৬

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০
১৪ আগস্ট ২০২৩

বিষয়: **সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের মূল্যায়ন নির্দেশনা স্পষ্টীকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের মূল্যায়ন সম্পর্কিত নির্দেশনা অধিকতর স্পষ্টীকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

এই নির্দেশনার শেষে পৃথকভাবে প্রথম শ্রেণির শিক্ষার্থীর শতভাগ ধারাবাহিক মূল্যায়ন, মূল্যায়নকৃত তথ্য শিক্ষক ডায়েরি-১ ও ডায়েরি-২ এ সন্নিবেশপূর্বক শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরির ৩টি বিষয়ের নমুনাসহ ৯ পৃষ্ঠার একটি সাধারণ নির্দেশনা এতদসহ জারি করা হলো।

**১। প্রাক-প্রাথমিক:** শিক্ষক সহায়িকার নির্দেশনা অনুসরণ করে মূল্যায়ন সম্পন্ন করতে হবে।

**২। প্রথম শ্রেণি:** প্রাথমিক স্তরের পরিমার্জিত শিক্ষাক্রম-২০২১ অনুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন করতে হবে। প্রথম শ্রেণিতে কোনোরূপ প্রান্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

প্রথম শ্রেণির শিক্ষক সহায়িকার (Teacher's Guide) শেষে ধারবাহিক মূল্যায়ন নির্দেশিকা সংযুক্ত রয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর ওয়েব সাইটেও (www.nctb.gov.bd) উক্ত নির্দেশিকাটি আপলোড করা আছে। এছাড়াও শিক্ষকদের মূল্যায়ন কার্যক্রম পরিচালনা ও তথ্য সংরক্ষণের জন্য প্রতিটি বিষয়ের শিখনফল/ অর্জন উপযোগী যোগ্যতার নম্বর উল্লেখপূর্বক শিক্ষক ডায়েরি-১ এবং শিক্ষক ডায়েরি-২ নামে ২টি এমএস ওয়ার্ড ও পিডিএফ ফাইল উক্ত ওয়েবসাইটে আপলোড করা আছে। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষকবৃন্দ উক্ত ফাইল ডাউনলোড করে নির্দেশনা অনুযায়ী মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করতে পারবেন এবং প্রতি প্রান্তিকে শিক্ষার্থীর শিখন অগ্রগতির প্রতিবেদন প্রদান করতে পারবেন।

৩। **দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি**: ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে কোভিড পরিস্থিতির অব্যবহিত পূর্বে যেভাবে প্রতি প্রান্তিকে প্রতি বিষয়ে ১০০ নম্বরের সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হতো সেভাবে মূল্যায়ন কার্যক্রম সম্পাদন করতে হবে।

৪। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বর্ষপঞ্জি ২০২৩ এ উল্লিখিত মূল্যায়নের জন্য নির্ধারিত তারিখ অনুযায়ী বিভিন্ন প্রান্তিকের মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার রুটিন প্রণয়ন করবেন।

৫। সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে বিষয় শিক্ষকের মাধ্যমে জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক শিখনক্ষেত্র বিবেচনায় বিদ্যালয়/ ক্লাস্টার/ উপজেলাভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে কঠোর গোপনীয়তা রক্ষা করতে হবে।

৬। মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের জন্য শিক্ষার্থী বা অভিভাবকগণের নিকট থেকে ফি গ্রহণ করা যাবে না।

৭। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রশ্নপত্র কম্পিউটারে কম্পোজ করতে হবে। প্রশ্নপত্র প্রিন্ট/ফটোকপি ও উত্তরপত্র (খাতা)সহ আনুষাঙ্গিক ব্যয় বিদ্যালয়ের আনুষাঙ্গিক খাত/স্লিপ ফান্ড থেকে নির্বাহ করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০১.২৩.৩৫৬

তারিখ: ১৮ কার্তিক ১৪৩০
০৩ নভেম্বর ২০২৩

বিষয়: **সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রান্তিকের (বার্ষিক) মূল্যায়ণ গ্রহণ।**

সূত্র: ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়'র পত্র নং-৩৮.০০.০০০০.০০৭.০৮.০০১.২১-২৭৮, তারিখ: ০১/১১/২০২৩খ্রি:।
২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং ৩৮.০১.০০০০.৪০০.০৫.০০৫.১৮-১৬, তারিখ: ১৪/০৮/২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৩ শিক্ষাবর্ষের ৩য় প্রান্তিকের (বার্ষিক) মূল্যায়ন ১৫-৩০ নভেম্বর ২০২৩ সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সূত্রস্থ ১নং পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, সূত্রস্থ ২নং পত্রের নির্দেশনা অনুসরণপূর্বক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য় প্রান্তিকের (বার্ষিক) মূল্যায়ন ১৫-৩০শে নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) প্রাগম পত্র নং ২৭৮ ও ২) অধিদপ্তরের পত্র নং ১৬।

৩-১১-২০২৩
নাসরিন সুলতানা
সহকারী পরিচালক
ফ্যাক্স: 02-9038122

বিতরণ :
১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
২) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০১.২৩.৩৫৬/১

তারিখ: ১৮ কার্তিক ১৪৩০
০৩ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
২) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম [মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় গৃহীত ব্যবস্থা তদারকির অনুরোধসহ]
৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
৪) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং: ৩৮.০০.০০০০.০০৭.০৮.০০২.২০২১-২৭৮

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০ / ০১ নভেম্বর ২০২৩

**বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় প্রান্তিকের (বার্ষিক) মূল্যায়ন।**

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৮.২২.৩৫০; তারিখ: ৩১/১০/২০২৩খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩য় প্রান্তিকের (বার্ষিক) মূল্যায়ন পরীক্ষা আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১.১১.২০২৩
আক্তারুন্নাহার
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dssch1@mopme.gov.bd

মহাপরিচালক (গ্রেড-১)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিব এর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।

E:\Rabiul\School\Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়**
উখিয়া , কক্সবাজার।
eo.ukhiya.coxsbazar.gov.bd

বিষয়: উখিয়া উপজেলাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের ২০২৩ শিক্ষাবর্ষের তৃতীয় প্রান্তিক মূল্যায়নের সময়সূচি।

| তারিখ ও বার | সময়: সকাল ১০.০০টা-১২.০০টা পর্যন্ত | | সময় ০১.৩০টা-০৪.০০টা পর্যন্ত | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | শ্রেণি | বিষয় | শ্রেণি | বিষয় | |
| ১৯/১১/২০২৩ রবিবার | ২য় শ্রেণি | ইংরেজি | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | ইংরেজি | |
| ২০/১১/২০২৩ সোমবার | ২য় শ্রেণি | বাংলা | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | বাংলা | |
| ২১/১১/২০২৩ মঙ্গলবার | ২য় শ্রেণি | পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | |
| ২২/১১/২০২৩ বুধবার | ২য় শ্রেণি | ধর্ম ও নৈতিক শিক্ষা | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | ধর্ম ও নৈতিক শিক্ষা | |
| ২৩/১১/২০২৩ বৃহস্পতিবার | ২য় শ্রেণি | চারু ও কারুকলা,সংগীত | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | চারু ও কারুকলা,সংগীত ও শারীরিক শিক্ষা | |
| ২৬/১১/২০২৩ রবিবার | ২য় শ্রেণি | প্রাথমিক গণিত | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | প্রাথমিক গণিত | |
| ২৭/১১/২০২৩ সোমবার | ২য় শ্রেণি | শারীরিক শিক্ষা | ৩য়,৪র্থ ও ৫ম শ্রেণি | প্রাথমিক বিজ্ঞান | |

**পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সাধারণ নির্দেশাবলীঃ**

০১। প্রথম শ্রেণিতে ধারাবাহিক মূল্যায়ন শিক্ষক ডায়েরী ১ ও ২ অনুসরণ করে নির্দেশনা অনুযায়ী করতে হবে।
০২। ২য়-৫ম শ্রেণি পর্যন্ত প্রতি বিষয়ে পূর্ণমান ১০০নম্বরের মধ্যে সামষ্ঠিক প্রান্তিক সম্পন্ন করতে হবে।
০৩। সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে বিষয় শিক্ষকের মাধ্যমে জ্ঞান,অনুধাবন ও প্রয়োগমূলক শিখনক্ষেত্র বিবেচনায় ক্লাস্টারভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।
০৪। মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের জন্য শিক্ষার্থী বা অভিভাবকগণের নিকট থেকে কোন ফি গ্রহণ করা যাবে না।
০৫। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রশ্নপত্র কম্পিউটার কম্পোজ করে ফটোকপি করতে হবে। প্রশ্নপত্র প্রিন্ট/ফটোকপি ও উত্তরপত্র(খাতা) সহ আনুষাঙ্গিক ব্যয়ের ক্ষেত্রে বিদ্যালয়ের আনুষাঙ্গিক খাত/স্লিপ/এসইএম ফান্ড থেকে ব্যয় নির্বাহ করতে হবে।
০৬। কোনো অবস্থাতেই প্রশ্নপত্র ছাপাখানায় মুদ্রণ করা যাবে না।
০৭। অনিবার্য কারণ বশতঃ মূল্যায়নের তারিখ ও সময়সূচী পরিবর্তনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,কক্সবাজার,উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া এর সিদ্ধান্তের প্রেক্ষিতে তারিখ ও সময় পুনঃনির্ধারণ করা যাবে।
০৮। ফলাফল আবশ্যিকভাবে আগামী ১০ডিসেম্বর/২০২৩ খ্রি. এর মধ্যে অভিভাবক/ মা সমাবেশের আয়োজন করে প্রকাশ করতে হবে।

(গুলশান আক্তার)
উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া, কক্সবাজার।
তারিখঃ /১১/২০২৩খ্রি.

স্মারক নং-উশিঅ/উখিয়া/২৩/৮৮৮
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার।
২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।
৩। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট ক্লাস্টার,উখিয়া কক্সবাজার।
৪। প্রধান শিক্ষক.......................................................সরকারি প্রাথমিক বিদ্যালয়, উখিয়া,কক্সবাজার।
৫। সংরক্ষণ নথি।

(গুলশান আক্তার)
উপজেলা শিক্ষা অফিসার
উখিয়া, কক্সবাজার।
ফোনঃ০৩৪২৭৫৬০২৪(অফিস)
E-mail. ukhiyaedu@yahoo.com